হৃদরোগে আক্রান্ত হয়ে ইবির ইংরেজি বিভাগের শিক্ষকের মৃত্যু

হৃদরোগে আক্রান্ত হয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ইংরেজী বিভাগের সহযোগী অধ্যাপক খন্দকার আব্দুল্লাহহিল আল মাবূদ (দারবিশ জুয়েল) এর মৃত্যু হয়েছে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

সোমবার বিকেল ৫টার দিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল থেকে ঢাকায় নেয়ার পথে তার মৃত্যু হয়। পারিবারিক সূত্রে জানা যায়, তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসারত ছিলেন।

তার অবস্থার উন্নতি না হওয়ায় এয়ার এম্বুলেন্সে করে ঢাকায় নেয়ার পথে তিনি ইন্তেকাল করেন।

সোমবার রাত দশটায় তার নিজ বাসস্থান কুষ্টিয়ার আমলাপাড়া সোনাপট্টি মসজিদে প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। পরে রাত সাড়ে ১০টায় কুষ্টিয়া পৌর গোরস্থানে তাকে দাফন করা হবে।

এদিকে তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উপাচার্য অধ্যাপক ড. শেখ আব্দুস সালাম।

শৈলকুপায় স্কুল মাঠ ঠিকাদারের নির্মাণ সামগ্রীর স্তুপ, নজরদারি নেই কর্তৃপক্ষের

দীর্ঘদিন স্কুল বন্ধ থাকার পর গত ১২ সেপ্টেম্বর রবিবার শিক্ষাপ্রতিষ্ঠান খুলেছে অথচ ঝিনাইদহের শৈলকুপার ধলহরাচন্দ্র সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে ঠিকাদারী প্রতিষ্ঠানের রাস্তা

প্রতিপক্ষের অস্ত্রের আঘাতে আহত ৮

জমিজমা ও তরিতরকারির দোকান দেওয়া কে কেন্দ্র করে পৃথক দুটি ঘটনায় প্রতিপক্ষের হামলায় ৮ ব্যক্তি গুরুত্বর আহত হয়েছে। জানা গেছে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার, শৈলকুপা কাছা বাজারের হাট চান্দিনা ঘরে তরিতরকারির দোকান দেওয়া কে কেন্দ্র করে গত শনিবারে হাকিমপুর গ্রামের লস্কার পাড়ার শাহিনুরের সাথে একই গ্রামের মুরাদ হোসেনের ঝগড়া হয়।

তার জের ধরে রবিবার রাত আনুমানিক ৯টার দিকে শাহিনুরের বাড়িতে মুরাদ , রাফি, আশিক ও শাহিনসহ ১০/১২ জন অর্তকিতভাবে হামলা করে । হামলায় সেলিম লস্কার (৫৫) ও তার তিন ছেলে ইলিয়াস হোসেন (২৮), সৌরভ হোসেন ( ২০) , শাহিনুর হোসেন (২৫) সহ একই পরিবারের ৪ জন গুরুত্বরভাবে আহত হয় ।

আহত ব্যক্তিদের চিকিৎসার জন্য শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক ইলিয়াস হোসেন ও সৌরভ হোসেন কে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেলে রেফাড করেন । তাদের অবস্থা আশঙ্কাজনক বলে তার চাচাত ভাই আরব আলী জানান।

এদিকে সোমবার দুপুর ১২টার দিকে জমিজমা কে কেন্দ্র করে উপজেলার শিতালীডাঙ্গা গ্রামে চাচাত ভাইরা রামদা দিয়ে কুপিয়ে সাহাজত হোসেন (৩২) ও তার পিতা আজিজুল শেখ (৫৮) সহ ৩ ব্যক্তি কে গুরুত্বর ভাবে আহত করেছে। আশঙ্কাজনক অবস্থায় আহত ব্যক্তিদের কুস্টিয়া মেডিকেল হাসপাতালে ও শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

এ ব্যাপারে আহত সাহাজত হোসেন বলেন আমার চাচাত ভাইরা পূর্বপরিকল্পিতভাবে ও জমিকে কেন্দ্র করে আমাদের হত্যার উদ্দেশ্যে রামদা দিয়ে কুপিয়ে আহত করে।

এব্যাপারে শৈলকপা থানার ওসি তদন্ত মহাসিন হোসাইন জানান হাকিমপুরের ঘটনায় মামলার প্রস্তুতি চলছে এজাহার দিলে মামলা হবে , তবে শিতালীডাঙ্গা গ্রামের ঘটনা আমি জানিনে। এদিকে পৃথক দুটি ঘটনায় প্রতিপক্ষের রামদা ও চাকুর আঘাতে দুই গ্রামে ৮ ব্যক্তি আহত হওয়ায় গ্রাম দুটিতে উত্তেজনা বিরাজ করছে।

কুষ্টিয়ায় মানসিক ভারসাম্যহীন নারী নিখোঁজ

কুষ্টিয়ার মিরপুরে শাহানা বেগম (৪১) নামে মানসিক ভারসাম্যহীন এক নারী নিখোঁজ রয়েছে। প্রায় মাসখানেক আগে বাড়ী থেকে বের হয়ে আর ফিরে আসেনি।

তিনি মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের চারমাইল বিভাগ গ্রামের আবু বক্করের স্ত্রী ও বারুইপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাইদুর রহমানের ভাগ্নে। তার উচ্চতা ৫ ফুট ৪ইঞ্চি। গায়ের রঙ ফর্সা। সে মানসিক ভারসাম্যহীন থাকার কারণে বাড়ির বাইরে এমনকি রাস্তায় রাস্তায় হেঁটে বেড়াতেন।

প্রায় এক মাস আগে তিনি বাড়ী থেকে বের হওয়ার পর থেকে তার কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। কোনো হৃদয়বান ব্যক্তি তার খোঁজ পেয়ে থাকলে নিম্নোক্ত মোবাইল নম্বর দু’টিতে যোগাযোগ করার জন্য অনুরোধ জানিয়েছেন নিখোঁজ শাহানা বেগমের অভিভাবকরা।

মোবাইল নম্বর ০১৯৯৯-৪৩৫৫৬৯ (আবু বক্কর) ও ০১৭১৫-২৬৭৬০২ (সাইদুর রহমান, চেয়ারম্যান বারুইপাড়া ইউনিয়ন পরিষদ)।

চুয়াডাঙ্গায় ভোক্তা অধিকার আইনে স্যামসাং শোরুমে অভিযান! জরিমানা আদায়

অভিযোগ আপনার, প্রতিকার দিবে ভোক্তা অধিকার। এই শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার আইনে স্যামসাং শোরুমে অভিযান পরিচালনা করা হয়েছে। সোমবার সাড়ে বারোটার সময় জাতীয়

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্ব চুয়াডাঙ্গা মালিক টাওয়ারে স্যামসাং শোরুমে এই অভিযান পরিচালনা করা হয়।
এ সময় ভোক্তা অধিকার কর্মকর্তা সজল আহমেদ বলেন ম্যানেজার ইফতেখার আহমেদ কিছুদিন আগে ফ্রিজ বিক্রয়ের সময় একজন ক্রেতার কাছে একটি স্যামসাং স্ট্যাবিলাইজারও বিক্রয় করেন। পরে ক্রেতা সেটি বাসায় সেট করার পর দেখেন কোন কাজ করছে না। রবিবার ভোক্তা অধিকারের কাছে একটি লিখিত অভিযোগ দেন ক্ষতিগ্রস্ত ক্রেতা ।

সোমবার সরেজমিন স্যামসাং শোরুমে গিয়ে দেখা যায় স্যামসাং স্ট্যাবিলাইজারটি নকল। স্যামসাং এর বাজারজাতকারী ইলেক্ট্রা ইন্টারন্যাশনাল এর হেড অফ সেলস এন্ড মার্কেটিং এর সাথে কথা বলে বিষয়টি নিশ্চিত হওয়া যায়। তিনি বলেন বাংলাদেশে স্যামসাং ব্রান্ডের কোন স্ট্যাবিলাইজার তারা বিক্রয় করেন না।

ম্যানেজার ইফতেখার আহমেদ নিজেও স্বীকার করেন প্রডাক্টটি নকল এবং অনেক বছর ধরে তিনি শোরুমের অথোরাইজড প্রডাক্টের আড়ালে নিজস্ব ব্যবসা হিসেবে এই নকল স্ট্যাবিলাইজার উচ্চ মুল্যে বিক্রয় করে আসছেন। উক্ত অপরাধে ম্যানেজার ইফতেখার আহমেদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ অনুযায়ী ৪০,০০০/- টাকা জরিমানা করা হয় এবং আইন অনুযায়ী অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১০,০০০/- টাকা জেলা প্রশাসক চুয়াডাঙ্গা নজরুল ইসলাম সরকারের মাধ্যমে প্রদান করা হয়।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের মাদকবিরোধী অভিযান আটক-১

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান ও যৌথ মাদকবিরোধী অভিযান পরিচালনা করা হয়েছে। এই অভিযান পরিচালনা করেন সদর উপজেলা প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার বিকাল চারটার সময় ইউনুছ আলী তোতা নামের এক মাদকসেবির

বাড়িতে অভিযান চালানো হয়। এসময় তার কাছ থেকে উদ্ধার করা হয় ১ অ্যাম্পিল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন। অভিযান চালিয়ে তাকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

পরে ভ্রাম্যমাণ আদালতে জেল ও জরিমানা করা হয়। সাজাপ্রাপ্ত ইউনুছ আলী তোতা ওই এলাকার মৃত আব্দুল জলিলের ছেলে। ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, সোমবার বেলা চারটার সময় গোপণ সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদ সঙ্গীয় ফোর্স নিয়ে ইউনুছ আলীর বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে।

এসময় ইউনুছ আলীর দেহ তল্লাশি চালিয়ে ১ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করা হয়। পরে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১শ’ টাকা জরিমানা করা হয়।

সাজাপ্রাপ্ত ইউনুছ আলীকে জেলহাজতে পাঠানো হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের সহযোগিতায় ছিলেন পেশকার সোবহান আলী।বাংলাদেশ আনসার ও ভিডিপির সদস্যবৃন্দ।

মেহেরপুর জেলা পরিষদের বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ অব্যাহত

নারীদের উন্নয়ন এবং কর্মশীল হিসেবে গড়ে তুলতে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার সেলাই প্রশিক্ষণ কারীদের মধ্যে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ করা অব্যাহত রয়েছে।

সোমবার বিকাল ৪ টার সময় মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে এসকল সেলাই মেশিন বিতরণ করা হয়। মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে মেহেরপুর জেলা পরিষদের সংরক্ষিত ১ নম্বর ওয়ার্ডের বিভিন্ন এলাকার ৪৮ জন সেলাই প্রশিক্ষণ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করেন।

এসময় জেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য নার্গিস আরা, সহকারী প্রকৌশলী মজিবুর রহমান, চেয়ারম্যানের গোপনীয় সহকারি শাহীন ইকবাল সহ প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে আইন-শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা

ঝিনাইদহের হরিণাকুৃণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস, নারী ও শিশু নির্যাতন বিষয়ে উপজেলা আইন শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্টিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

এছাড়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. জামিনুর রশিদ, সহকারী কমিশনার (ভুমি) সেলিম আহামেদ, সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, পৌর মেয়র ফারুক হোসেন, হরিনাকুন্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুল রহিম মোল্লাা, ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম (শিলু), মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, কৃষি অফিসার হাফিজ হাসান, সমাজসেবা অফিসার শিউলি বিশ্বাসসহ বিভিন্ন দপ্তরের প্রধান ও ইউপি চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন।

সভায় বক্তাগণ সমাজ থেকে চুরি, ছিনতাই, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ,

নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহের বিরুদ্ধে একাত্বকতা ঘোষণার আহবান জানান। উপস্থিত সকলে এমন অপরাধীদের পাশে না থাকারো অঙ্গীকার ব্যক্ত করেন।

ঝিনাইদহে মাসব্যাপী সাঁতার প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে মাসব্যাপী সাঁতার প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে জেলা ক্রীড়া অফিসের আয়োজনে এ প্রশিক্ষণ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ও এসএস টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, পূর্বাঞ্চল সুইমিং ক্লাবের প্রতিষ্ঠাতা সাধারন সম্পাদক তরিকুল ইসলাম। উদ্বোধন শেষে সদর উপজেলা পরিষদ পুকুরে সাঁতার প্রশিক্ষণ শুরু হয়।

আয়োজকরা জানান, ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচীর আওতায় মাসব্যাপী এ প্রশিক্ষণ চলবে। এতে সদর উপজেলার বিভিন্ন এলাকার ৩০ জন শিক্ষার্থী অংশ নিবে। পরে পূর্বাঞ্চল সুইমিং ক্লাবের দুই সাতাঁরু বিকেএসপিতে ভর্তির সুযোগ পাওয়ায় তাদেরকে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়।

দামুড়হুদায় নবাগত ইউএনও’র সাথে

সাংবাদিকদের শুভেচ্ছা বিনিময়

দামুড়হুদায় নবাগত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) তাছলিমা আক্তারের সাথে দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। সাক্ষাৎ কালে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ।

সোমবার সকাল ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠানে দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র নেতৃত্বে প্রেসক্লাবের সাংবাদিকদের পক্ষে ফুলের তোড়া দিয়ে নবাগত ইউএনও- কে শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সহ-সভাপতি মোজাম্মেল শিশির,সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান হাবীব,সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান কাজল,সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবী,অর্থ সম্পাদক শমসের আলী,সহ যুগ্ম সম্পাদক রতন বিশ্বাস,সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, ক্রীড়া সম্পাদক বিল্লাল হোসেন, দৈনিক পশ্চিমাঞ্চলের দামুড়হুদা অফিস প্রধান ও দৈনিক বাংলাদেশ কন্ঠ’র জেলা প্রতিনিধি তানজীর ফয়সাল, দৈনিক মাথাভাঙ্গা’র দামুড়হুদা অফিস প্রধান ও দৈনিক প্রতিদিনের সংবাদের দামুড়হুদা উপজেলা প্রতিনিধি মিরাজুল ইসলাম মিরাজ, দৈনিক নবচেতনার দামুড়হুদা প্রতিনিধি এস এম সুজন প্রমূখ।